

## 3 Yr. Degree/4 Yr. Honours 3rd Semester Examination, 2025 (CCFUP)

Subject : Bengali

Course: BENG3011 (MAJOR)

(সাহিত্যের ইতিহাস-আধুনিক যুগ)

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'স্বাস্থিবিলাস' গ্রন্থের রচয়িতা কে? কোন বিদেশি গ্রন্থে অবলম্বনে এই গ্রন্থটি রচিত হয়েছে?
- (খ) 'সংবাদ প্রভাকর' পত্রিকাটির সম্পাদক কে ছিলেন? এটি প্রথম কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?
- (গ) 'তত্ত্ববোধিনী' পত্রিকার প্রথম প্রকাশকাল কত? এই পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন?
- (ঘ) 'তেল-নুন-লকড়ি' প্রবন্ধগ্রন্থটির রচয়িতা কে? এই প্রবন্ধিক কোন ছদ্মনাম ব্যবহার করতেন?
- (ঙ) 'মহাভারতের কথা' প্রবন্ধগ্রন্থটি কে রচনা করেন? গ্রন্থটি কবে প্রকাশিত হয়?
- (চ) 'অমিতাভ' কাব্যের রচয়িতার নাম কী? এই কাব্যটি কোন মহাপুরুষের জীবন অবলম্বনে রচিত?
- (ছ) 'সাধের আসন' কাব্যের কবি কে? কার প্রশ্নের উত্তর দেওয়ার জন্য কবি এই কাব্যটি রচনা করেছিলেন?
- (জ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী? এটি কবে প্রকাশিত হয়েছিল?
- (ঝ) রবীন্দ্রনাথ ঠাকুরের দুটি রূপক-সংকেতিক নাটকের নাম লেখো।
- (ঞ) 'প্রফুল্ল' নাটকটি কার লেখা? তার আর-একটি সামাজিক নাটকের নাম লেখো।
- (ট) 'মেঘনাদবধ কাব্য' কে রচনা করেন? এটি কোন ছন্দে রচিত?
- (ঠ) 'আনন্দ বিদায়' প্রহসনটির রচয়িতা কে? কাকে আক্রমণ করে এই প্রহসনটি তিনি রচনা করেন?
- (ড) রমেশচন্দ্র দত্তের দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।
- (ঢ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মোট ক-টি বাংলা উপন্যাস লিখেছেন? তাঁর লেখা প্রথম বাংলা উপন্যাসটির নাম কী?
- (ণ) 'হাঁসুলী বাকের উপকথা' উপন্যাসটির রচয়িতা কে? গ্রন্থাকারে উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো।

২। নিম্নলিখিত যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) বাংলা গদ্যের বিকাশে কালীপ্রসন্ন সিংহের অবদান আলোচনা করো।

(খ) বাংলা সাহিত্যে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব আলোচনা করো।

(গ) বাংলা প্রবন্ধসাহিত্যে স্বামী বিবেকানন্দের স্থান নিরূপণ করো।

(ঘ) কবি সত্যেন্দ্রনাথ দত্তের কাব্যবৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) বাংলা নাটক রচনায় বিজন ভট্টাচার্যের স্বাতন্ত্র্যের পরিচয় দাও।

(চ) সামাজিক উপন্যাস রচনায় স্বর্ণকুমারী দেবীর কৃতিত্বের পরিমাপ করো।

৩। নিম্নলিখিত যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) বাংলা গদ্যচর্চায় ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।

(খ) বাংলা কাব্যসাহিত্যে কবি নজরুল ইসলামের প্রতিভার মূল্যায়ন করো।

(গ) বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের দক্ষতার পরিচয় দাও।

(ঘ) ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিমাপ করো।